অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রকি মাউন্টেইন্স থেকে নিউ ইয়র্ক ওয়াইল্ডল্যান্ড ফায়ারফাইটারদের দলকে গৃহে ফেরার জন্য স্বাগত জানিয়েছেন

নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ড ড্রোন পাইলটরা ক্যালিফোর্নিয়া দাবানলে সহায়তা করে ফিরে এসেছেন

দ্বিতীয় DEC ফায়ারফাইটিং ক্রু ওয়াইল্ডল্যান্ড ফায়ার নিয়ে সাহায্য করতে পশ্চিম দিকে যাচ্ছেন

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (New York State Department of Environmental Conservation) ফরেস্ট রেঞ্জার, কর্মী এবং স্বেচ্ছাসেবকদের একটি 10 জনের দলকে গৃহে ফেরার জন্য স্বাগত জানিয়েছেন যারা গত দুই সপ্তাহ পশ্চিমের রাজ্যগুলিতে হওয়া দাবানলের সাথে লড়াই এবং নিয়ন্ত্রণ করার জন্ত সাহায্য করছিলেন। এই প্রশিক্ষিত, বিশেষজ্ঞ অগ্নিনির্বাপক কর্মীরা নেব্রাস্কা এবং দক্ষিণ ডাকোটায় উচ্চ অগ্রাধিকারের অগ্নিকাণ্ডের সাথে লড়াই করতে সাহায্য করেছেন।

গভর্নর কুওমো নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের (New York Air National Guard) দুই সদস্যকে গৃহে প্রত্যাবর্তন করার জন্য স্বাগত জানিয়েছেন যারা ক্যালিফোর্নিয়ার রিভারসাইডে মার্চ এয়ার রিজার্ভ বেসে (March Air Reserve Base) ক্যালিফোর্নিয়া এয়ার ন্যাশনাল গার্ডের 163তম অ্যাটাক উইংকে (California Air National Guard's 163rd Attack Wing) সাহায্য করার সাথে সাথে দূরবর্তীভাবে পাইলট করা বায়ুযানের সাহায্যে আগুন লাগার এলাকাগুলি সনাক্ত করতে এবং অগ্নি নিয়ন্ত্রণ ব্যবস্থায় সাহায্য প্রদান করেছিলেন।

দাবানলের বিরুদ্ধে লড়াই করা পশ্চিমের রাজ্যগুলিকে সাহায্য করার জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department Of Environmental Conservation, DEC) দ্বিতীয় একটি দল 12 সেপ্টেম্বর কলোরাডো ডেনভারের রকি মাউন্টেন এরিয়া কো-অর্ডিনেশন সেন্টারে (Rocky Mountain Area Coordination Center) যাত্রা করবেন।

"এই সাহসী নিউ ইয়র্কবাসীরা এই ঐতিহাসিক দাবানলের সাথে লড়াই করতে কোন দ্বিধা না করে পশ্চিমে যাত্রা করেছেন, যা হাজার হাজার একর জমি পুড়িয়ে দিয়েছে, হাজার হাজার বাড়ি পুড়িয়ে দিয়েছে এবং 13টি রাজ্যে ব্যাপকভাবে মানুষরা তাদের এলাকা খালি করতে বাধ্য হয়েছে," **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্কবাসীরা কঠোর মনোভাবাপন্ন এবং সব সময় তাদের হাত গুটিয়ে

কাজে নাবতে প্রস্তুত তা আমরা COVID-19 এর প্রতিক্রিয়ায় অন্য রাজ্যকে সমর্থন করি অথবা দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করি। আমি গর্বিত দলটিকে দেশে ফেরার জন্য স্বাগত জানাতে এবং পশ্চিমে যে নতুন দাবানল অগ্নিনির্বাপন দলটি যাচ্ছেন তাদেরকে আমার সমর্থন এবং শুভেচ্ছা জানাই।"

অগ্নিনির্বাপক কর্মীদের প্রত্যাবর্তনকারী দল, যারা 25 আগস্ট থেকে তাদের কাজ শুরু করেন এবং আজ রাজধানী অঞ্চলে ফিরে আসেন, তাদের মধ্যে রয়েছে একজন ডিইসি ফরেস্ট রেঞ্জার ক্রু বস এবং ফরেস্ট রেঞ্জার এবং অন্যান্য DEC প্রোগ্রামের থেকে নয়জন দমকল কর্মী।

নিউ ইয়র্কের দল নেব্রাস্কা এবং দক্ষিণ ডাকোটার অ্যারিস্টোক্র্যাট অগ্নিকাণ্ড, যা নিয়ন্ত্রণে রাখা হয়েছে, তার বিরুদ্ধে লড়াই করা ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অগ্নি নির্বাপন সংস্থার সাথে যোগ দেয়। রকি মাউন্টেইন্সে যাওয়া দমকল কর্মীদের নতুন দলটি তাদের উপর দেওয়া দায়িত্বগুলি পাবেন যখন তারা সেখানে পৌঁছবেন। এই দাবানল অগ্নিনির্বাপক কর্মীদের দুই সপ্তাহের জন্য মোতায়েন করা হবে এবং কলোরাডো, ওয়াইওমিং, সাউথ ডাকোটা, নেব্রাস্কা বা কানসাসে পাঠানো হবে এই সব রাজ্যে অগ্নিনির্বাপণ প্রচেষ্টায় সাহায্য করার জন্য। উপরন্তু, একজন DEC ফরেস্ট রেঞ্জারকে 10 সেপ্টেম্বর ক্যালিফোর্নিয়ায় মোতায়েন করা হয়েছে পরিকল্পনা বিভাগের প্রধান হিসেবে উপত্যকার আগুনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য।

নিউ ইয়র্ক ফরেস্ট রেঞ্জার্স, কর্মী এবং স্বেচ্ছাসেবকদের প্রত্যাবর্তনকারী কর্মীরা হলেন:

- মাইক থম্পসন, ফরেস্ট রেঞ্জার, ক্রু বস, হ্যামিলটন কাউন্টি
- জেমস ক্যানেভেরি, DEC মাছ ও বন্যপ্রাণী বিভাগ (DEC Division of Fish and Wildlife), ওনোনডাগা কাউন্টি
- জোশুয়া শোকুয়ে, DEC মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, ডেলাওয়্যার কাউন্টি
- জন ক্লিভল্যান্ড, ফরেস্টার/DEC ডিভিশন অফ ল্যান্ডস এন্ড ফরেস্ট (DEC Division of Lands and Forests), স্টুবেন কাউন্টি
- জেনা কুর্কিও, ফরেস্ট রেঞ্জার, ওটসেগো কাউন্টি
- অ্যারন গ্রেভস, ফরেস্টার/DEC ডিভিশন অফ ল্যান্ড এন্ড ফরেস্ট, সেন্ট লরেন্স কাউন্টি
- জো প্রিস, ফরেস্ট রেঞ্জার, ডাচেস এবং পুটনাম কাউন্টিসমূহ
- স্কট সাবো, ফরেস্ট রেঞ্জার, ফ্রাঙ্কলিন কাউন্টি
- নেট শে, ফরেস্ট রেঞ্জার, সেইন্ট লরেন্স কাউন্টি
- টিমোথি ইয়েটস, DEC মাছ ও বন্যপ্রাণী বিভাগ, সেইন্ট লরেন্স কাউন্টি

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "আমি DEC-র ওয়াইল্ডল্যান্ড ফায়ারফাইটিং বিশেষজ্ঞদের দলের প্রশংসা করছি তাদের সাহসিকতা এবং বিধ্বংসী দাবানলের মোকাবেলায় অন্যান্য রাজ্যকে সাহায্য করার ইচ্ছার জন্য। মহামারীর সময় দাবানলের বিরুদ্ধে লড়াই করার জন্য পরিবার ত্যাগ করে, দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যাত্রা করা সহজ নয়, কিন্তু আমাদের ফরেস্ট রেঞ্জার, কর্মী এবং স্বেচ্ছাসেবকরা কখনও সাহায্যের হাত বাড়িয়ে দিতে দ্বিধা বোধ করে না এবং বিশ্বকে দেখাতে দ্বিধা বোধ করে না যে নিউ ইয়র্কবাসীরা কঠিন, যত্নশীল এবং সাহসী। আমি তাদের সেবার জন্য

তাদের ধন্যবাদ জানাই এবং আমাদের বোন রাজ্যের প্রাকৃতিক সম্পদ এবং সম্প্রদায়কে রক্ষা করতে সাহায্য করার জন্য পশ্চিমে যাওয়া নতুন নাবিকদের দলটিকে শুভকামনা জানাই।"

নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের দুই সদস্য - টেক। সার্জেন্ট অ্যান্ড্রু পাজাক, নায়াগ্রা ফলসের 107তম অ্যাট্যাক উইং-এ নিযুক্ত MQ-9 সেন্সর অপারেটর, এবং 1ম লেফটেন্যান্ট নিকোল ক্লে, সাইরাকিউসের 174তম অ্যাটাক উইং এ নিযুক্ত MQ-9 এয়ারক্রাফট পাইলট - অবতরণের জোনের জন্য MQ-9 স্কাউটিং মিশন পরিচালনা করেন 214 জন মানুষের হেলিকপ্টারের মাধ্যমে রক্ষার সময়ে।

MQ-9গুলি ক্যালিফোর্নিয়ার ফায়ার ম্যানেজারদের ওভারহেড ভিডিও সরবরাহ করে সেন্সর ব্যবহার করে যা ধোঁয়ার মধ্যে দিয়ে দেখতে পায় যখন তারা উচ্চ উচ্চতায় ওড়ে। MQ-9, যা প্রবল বাতাস এবং তীব্র তাপ দ্বারা প্রভাবিত হয় না, ইন্সিডেন্ট কম্যান্ডারকে পরিস্থিতির একটি পরিষ্কার চিত্র প্রদান করে, পাইলটদের বিপজ্জনক অবস্থান থেকে দূরে রাখে এবং মাটিতে গার্ড সদস্যদের আরো ভালো প্রতিক্রিয়া সংক্রান্ত সিদ্ধান্ত নিতে সক্ষম করে।

মেজর জেনারেল রে শীল্ডস, নিউ ইয়র্কের অ্যাডজুটেন্ট জেনারেল বলেন, "যখনই আমাদের একটি বিপন্ন রাজ্যকে সাহায্য করার জন্য আহ্বান জানানো হয় আমরা তার জন্য প্রস্তুত থাকি, এবং ক্যালিফোর্নিয়া ন্যাশনাল গার্ডে আমাদের সহকর্মীদের সাথে কাজ করার জন্য আমরা এবং তারা যা অর্জন করেছেন তার জন্য আমাদের কর্মীদের নিয়ে আমরা গর্বিত।"

1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটগুলোর বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। সেই সময় থেকে, প্রয়োজন অনুসারে প্রতি বছর গড়পড়তায়, দাবানল নিয়ে সাহায্য করার উদ্দেশ্যে কিছু কর্মী প্রেরণ করা হয়েছে। দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে।

নিউইয়র্ক কর্মীদের সকল সদস্য এবং ভ্রমণ খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্র বন পরিষেবা (U.S. Forest Service) সরাসরি প্রদান করে অথবা স্টেট এবং ফেডারাল ভূমি এজেন্সিগুলোর মধ্যে পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউইয়র্ক স্টেটের নিকট পরিশোধ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন